

শিল্প মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন
প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	শিল্প মন্ত্রণালয়	০১টি	-	০১	-	-	১	২৫%	-	-

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১ টি

০২। সমাপ্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ: প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম জুলাই ২০১১ দেখানো হলেও প্রকৃত বাস্তবায়ন নভেম্বর ২০১১ হতে শুরু হয়; উন্নয়ন সহযোগী ইউরোপীয় ইউনিয়নের সম্মতিক্রমে সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ছয় মাস মেয়াদ বাড়ানো হয়।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
১।	আলোচ্য প্রকল্পটিতে ১১১ ধরনের সেমিনার, ওয়ার্কশপ, দেশি-বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণগুলোতে প্রায় ২৫০০ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ নিয়েছে। এত সংখ্যক প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ প্রয়োগিক/বাস্তব ক্ষেত্রে কিভাবে কাজে লাগিয়েছে সে বিষয়ে কোন তথ্য উপাত্ত নেই।	১।	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান প্রশিক্ষার্থীবৃন্দ বাস্তবে প্রয়োগ করছে কিনা তা নিয়মিত পরিবীক্ষণ করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংরক্ষণ করা যায়। প্রয়োজনে ডাটাবেজ করা যেতে পারে।
২।	আলোচ্য প্রকল্পের আওতায় সরবাহকৃত বেশিরভাগ যন্ত্রপাতি চলমান রয়েছে, তা পরিদর্শনকালে দেখা যায়। তবে কিছু যন্ত্রপাতি যেমন: টিউব ফার্নেস, ডাটা লগার, লিকুইড প্যাস থার্মোমিটার ইত্যাদি চলমান নেই তা পরিদর্শনকালে দেখা যায়।	২।	প্রকল্পের আওতায় সংগ্রহকৃত যে সমস্ত যন্ত্রপাতি কর্মক্ষম নেই, তা দ্রুত মেরামত করে কর্মক্ষম করতে হবে।
৩।	আলোচ্য প্রকল্পের আওতায় যে সমস্ত যন্ত্রপাতি, কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে সেগুলোর নামকরণ (লেভেলিং) নেই। উল্লেখ্য, লেভেলিং না থাকায় কোন যন্ত্রপাতি এ প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে তা বুঝা যায় না।	৩।	প্রকল্পের আওতায় সরবরাহকৃত সকল প্রকার যন্ত্রপাতি, কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্রের নামকরণ (লেভেলিং) করতে হবে।
৪।	প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর বেশী (২৫%) বেশী। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে পূর্বেই সুফল পাওয়া যেতো।	৪।	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়।

বেটার কোয়ালিটি ইনফ্রাকস্ট্রাকচার অফ বেটার ওয়ার্কস এ্যান্ড স্ট্যান্ডার্ডস প্রোগ্রাম
-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম	বেটার কোয়ালিটি ইনফ্রাকস্ট্রাকচার অফ বেটার ওয়ার্কস এ্যান্ড স্ট্যান্ডার্ডস প্রোগ্রাম।
২। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ	শিল্প মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)
৪। প্রকল্পের অবস্থান	বিএসটিআই এবং বাংলাদেশ এ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি), ঢাকা।
৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৮২৬.০৪ (৪৩৫৪.১৪)	৪৭০৬.০৪ (৪৩৫৪.১৪)	৪৬৪৯.২৪ (৪৩৫৪.১৪)	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৪	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৫	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৫	(-)১৭৬.৮ (৩.৬৬% কম)	১ বছর (২৫%)

*মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ১৭৬.৮ লক্ষ টাকা (৩.৬৬%) কম এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ১ বছর (২৫ %) বেশী।

৬। প্রকল্পের অর্থায়নের উৎস: প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৭০৬.০৪ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি অর্থায়ন ৩৫১.৯০ লক্ষ টাকা, এবং প্রকল্প সাহায্য ৪৩৫৪.১৪২ লক্ষ টাকা যার অর্থায়নের উৎস EU।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	পরিমাণ	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
(ক) রাজস্ব ব্যয়ঃ					
Pay of estb. Staff	৩	১১.৬৭২	৩	৯.১১৫	৩
House Rent	৪	৪.৩৭৯	৪	৩.৭৬৫	৪
Festival Allowances	৪	১.৭৮০	৪	১.৪৩৭	৪
Medical Allowances	৪	১.০৭৪	৪	০.৬৫৭	৪
Tiffin Allowance	৩	০.১৪০	৩	০.১০৯	৩
Convence Allowance	৩	০.১৪০	৩	০.১০৯	৩
Others (Gratuity)	থোক	২.৫০০	থোক	১.০৪৮	থোক

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	পরিমাণ	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Travel Cost	থোক	৩৯২.৯৫৫	থোক	৩৯২.৯৫৫	থোক
Additional Charge Allowance	২	১.৪৪১	২	১.১২০	২
Telephone	থোক	১০.৮০০	থোক	১০.৫০০	থোক
Fax	থোক	১৫.২০০	থোক	১৫.০০০	থোক
Petrol & Lubricant	থোক	২১.৩২৫	থোক	১৯.৩২৪	থোক
Printing & Publication	থোক	৫১.৫০০	থোক	৫১.১৮৩	থোক
Stationary, Seal & Stamp	থোক	৩১.৩০৭	থোক	২৮.৮৮১	থোক
Audio/video	থোক	৩৪.০০০	থোক	৩৪.০০০	থোক
Publicity & Advertisement	থোক	৩৫.৪০৯	থোক	৩৪.৮৪৮	থোক
Training	৪৮০	৩৮৩.৩৭৫	৪৮০	৩৮৩.০৯৯	৪৮০
Seminar Conference	৭০০	১৩৬.৮৭৫	৭০০	১১৬.৮৭৫	৭০০
Entertainment	থোক	৪.৪৫৯	থোক	১.৩৯৯	থোক
Transport hire	থোক	২৫.৫০০	থোক	২৫.৫০০	থোক
Management Costs	থোক	২৮৪.৮৫০	থোক	২৮৪.৮৫	থোক
International Staff	১১৫ জন মাস	১৪৯৫.৩৫৪	১১৫ জন মাস	১৪৯৫.৩৫৪	১১৫ জন মাস
National Staff	২২৫	৪৬২.৩৭৫	২২৫	৪৬২.৩৭৫	২২৫
Hiring Cost (sub contract)	থোক	২০৯.৮৫৯	থোক	২০৯.৮৫৯	থোক
Others Expenditure(website development, translation & interpreters)	থোক	৭৬.২০৬	থোক	৭৩.৭৭৬	থোক
Vehicle	থোক	২৫.০০০	থোক	২৪.৫৪১	থোক
Computer & Office Equipment	থোক	৩০.৫০০	থোক	৩০.০০০	থোক
Capital Component					
Vehicle	১	২০.০০০	১	২০.০০০	১
Equipment & Others Accessories (Laboratory)	থোক	৮১০.০০০	থোক	৮১০.০০০	থোক
Computer & Others Accessories (Desktop computer - 4, Laptop - 5, Printer - 2, Scanner - 2, A/C - 2, Photocopier - 1)	১১	১৫.০০০	১১	১০.০০০	১১
Furniture	থোক	১৫.০০০	থোক	১২.৩৮৫	থোক
Office Buidling & Infrastructure	থোক	১৯.৪০০	থোক	১৪.৪০০	থোক
Electrical Equipment	থোক	১.১৪২	থোক	০.০০০	থোক

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	পরিমাণ	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Others Expenditure	থোক	৪.৫০০	থোক	০.০০০	থোক
CD/Vat	থোক	৬৮.০৮০	থোক	৬৮.০৮০	থোক
Total=		৪৭০৬.০৪১		৪৬৪৯.২৪৪	

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ আলোচ্য প্রকল্পের আওতায় সমস্ত কাজ সম্পাদিত হয়েছে।

৯। সাধারণ পর্যবেক্ষণঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ দেশের পণ্য ও সেবার মান আন্তর্জাতিক মানে উন্নয়নের লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়নের আর্থিক ও ইউনিডোর কারিগরিসহায়তায় বাংলাদেশ কোয়ালিটি সাপোর্ট প্রোগ্রাম বাস্তবায়িত হয়েছে। অতীষ্ট ফলভোগকারী প্রতিষ্ঠান গুলো হলো: শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিএসটিআই, বিএবি, কনসিউমার এসোসিয়েশন অফ বাংলাদেশ (ক্যাব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন (FIQC) ও বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং & রিসার্চ (NITER), বিটিএমএ, বিজিএমইএ, ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি। মধ্যবর্তী ফলভোগকারীরা হলো সকল আমদানি ও রপ্তানিকারী প্রতিষ্ঠান। এ প্রকল্পের মূল স্টেকহোল্ডার হলো সেইসব প্রতিষ্ঠান, পেশাজীবীগোষ্ঠী ও এনজিও যারা দেশের কারিগরি নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং পণ্য ও সেবার মানমোয়ন এবং ইউরোপীয় ইউনিয়ন ও বাংলাদেশের দ্বি-পাক্ষিক বাণিজ্য বৃদ্ধিতে আগ্রহী। এই প্রকল্পের মাধ্যমে নিরাপদ খাদ্য ও পণ্যের মান নিয়ন্ত্রণ অবকাঠামো উন্নত হলে আমদানিকারক ও ভোক্তা উভয়ে লাভবান হবে। সর্বোপরি, চূড়ান্ত ফলভোগকারী হলো সাধারণ জনগণ ও সমাজ ব্যবস্থা। জাতীয় গুণগতমান অবকাঠামো উন্নত হলে বিদেশী বিনিয়োগ বৃদ্ধি পাবে। এতদুদ্দেশ্যে চাকুরীর বাজার সমৃদ্ধ হবে এবং দারিদ্র্য বিমোচন হবে।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- জাতীয় গুণ গতমান নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন এবং পণ্য, সেবা ও যন্ত্রপাতির সাদৃশ্য নিরূপন ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণ।
- সরকারী ও বেসরকারী খাতে গুণ গতমান সংক্রান্ত সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিকরে আন্তর্জাতিক মান ব্যবস্থা ও বিশ্ব বাণিজ্য সংস্থার নির্দেশনা পালন নিশ্চিত করা।
- আন্তর্জাতিক উত্তম অনুশীলন মেনে দেশের মান, মেট্রোলজি ও ল্যাবরেটরির জন্য আইনি অবকাঠামোর উন্নয়ন।
- জাতীয় মেট্রোলজি ল্যাবরেটরি এবং বিএসটিআই অন্যান্য ল্যাবরেটরির এ্যাক্রেডিটেশন সনদ অর্জন।
- বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডকে কারিগরি সহায়তা ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করা।

৯.৩। প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্যঃ

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর উল্লেখিত প্রকল্পটি ৪৮-২৬.০৪ লক্ষ টাকা (জিওবি ৪৭১.৯ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৪৩৫৪.১৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ১ম সংশোধনের প্রাক্কলিত ব্যয় ৪৭০৬.০৪ লক্ষ টাকা (জিওবি ৩৫১.৯০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৪৩৫৪.১৪২ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জুলাই ২০১১ হতে জুন ২০১৫। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পে মেয়াদ ০৬ মাস বৃদ্ধি করে জুন ২০১৫ এর পরিবর্তে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত এর বাস্তবায়নকাল নির্ধারণ করা হয়।

৯.৪ প্রকল্প পরিচালকঃ

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালিন	খন্ড কালিন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকের দায়িত্ব
১।	মোঃ নজরুল ইসলাম উপ-প্রধান	-	√	না	12 April 2012 - 22 July 2012
২।	মোঃ লুৎফর রহমান তরফদার যুগ্ম-প্রধান	-	√	হ্যাঁ	23 July 2012 - 31 December 2015

১০। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতির তথ্যঃ এ প্রকল্পের আওতায় বিএসটিআই এর বিভিন্ন আঞ্চলিক অফিসের একাধিক ল্যাবরেটরীর জন্য বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় করা। এর মধ্যে তবে কতিপয় অফিস সরঞ্জাম ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

ল্যাব এর নাম	প্রতিষ্ঠানের নাম	আরডিডিপি অনুযায়ী যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান
প্রেসার ল্যাব	বিএসটিআই	০৭ ধরনের
ফোর্স ল্যাব	বিএসটিআই	১০ ধরনের
আইটি ল্যাব	বিএসটিআই	০৫ ধরনের
টাইম এন্ড ফ্রিকুয়েন্সি ল্যাব	বিএসটিআই	১০ ধরনের
টেম্পারেচার ল্যাব	বিএসটিআই	১০ ধরনের
ভলিউম ল্যাব	বিএসটিআই	০৮ ধরনের
লেভু ল্যাব	বিএসটিআই	০৮ ধরনের
আঞ্চলিক ক্যালিব্রেশন ল্যাব, ঢাকা	বিএসটিআই	০৮ ধরনের
আঞ্চলিক ক্যালিব্রেশন ল্যাব, খুলনা	বিএসটিআই	০৬ ধরনের
আঞ্চলিক ক্যালিব্রেশন ল্যাব, চট্টগ্রাম	বিএসটিআই	০৬ ধরনের
সার্ভার (এক্সসরিজসহ)	বিএবি	০৮ ধরনের
মোট		৮৬ ধরনের

১১। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণঃ

গত ১৮/১২/২০১৬ তারিখে প্রকল্প এলাকা বিএসটিআই এর প্রধান কার্যালয়,তেজগাঁও ঢাকা এবং ১১.০১.২০১৭ তারিখে বাংলাদেশ এ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শনকাজে সহায়তা করেন।

১১.১. প্রকল্প বাস্তবায়নকালীন বিভিন্ন অর্থ বছরে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমাদান সংক্রান্ত তথ্যঃ

অর্থ বছর	মূল/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০১১-১২	৮১০.১৪(পিএ) ৮০ (জিওবি)	৮১০.১৪(পিএ) ০.০০ (জিওবি)	৮১০.১৪(পিএ) ০.০০ (জিওবি)	০.০০ (পিএ) ০.০০ (জিওবি)	
২০১২-১৩	১৩৫৩(পিএ) ১৫০ (জিওবি)	১৩৫৩ (পিএ) ১৩০ (জিওবি)	১৩৫৩(পিএ) ৮৭.৪ (জিওবি)	০.০০ (পিএ) ৪২.৬ (জিওবি)	সরকারী কোষাগারে ৪২.৬ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে।
২০১৩-১৪	১৩৫০(পিএ) ৮৩ (জিওবি)	১৩৫০ (পিএ) ১৭ (জিওবি)	১৩৫০ (পিএ) ১০.৭০ (জিওবি)	০.০০ (পিএ) ৬.৩৬(জিওবি)	সরকারী কোষাগারে ৬.৩০ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে।
২০১৪-১৫	৮৪১(পিএ) ২৮৭ (জিওবি)	৮৪১ (পিএ) ২৫৪ (জিওবি)	৮৪১ (পিএ) ১৮৫.৮৮ (জিওবি)	০.০০(পিএ) ৮৮.১২ (জিওবি)	সরকারী কোষাগারে ৬৮.১২ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে।
২০১৫-১৬	০.০০(পিএ) ৪০ (জিওবি)	০.০০(পিএ) ৩৯.৮৮(জিওবি)	০.০০(পিএ) ১১.১১ (জিওবি)	১.০৭(পিএ) ২৮.৭৭ (জিওবি)	সরকারী কোষাগারে ২৮.৭৭ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে।
মোট	৪৩৫৪.১৪(পিএ) ৬৪০ (জিওবি)	৪৩৫৪.১৪(পিএ) ৪৪০.৮৮ (জিওবি)	৪৪৮.১৭(পিএ) ২৯৫.০৯(জিওবি)	১৩.৮৩(পিএ) ১৬৫.৮৫ (জিওবি)	-

১২.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

Objectives as per pp	Actual achievement
জাতীয় গুণগতমান অবকাঠামোকে শক্তিশালী করা এবং আন্তর্জাতিক মান ব্যবস্থার সাথে সংযোগ স্থাপন করে ভোক্তা অধিকার সংরক্ষণ সুসংহত করা এবং বিশ্ব বাণিজ্যে টিকে থাকার ক্ষমতা বৃদ্ধি করা।	জাতীয় গুণ গতমান (পণ্য ও সেবা) নীতি, ২০১৫ প্রণয়ন করা হয়েছে যা মন্ত্রিপরিষদের অনুমোদন পেয়েছে। ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরিকে শক্তিশালী করা ও ল্যাবরেটরির অফিসারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে ল্যাবরেটরির এ্যাক্রেডিটেশন সনদ লাভ এবং জাতীয় মানসময় স্থাপন করা হয়েছে। বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে এবং ৩৫টি ল্যাবরেটরিকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করেছে ও ২২৩ জন প্রশিক্ষার্থীকে এসেসর প্রশিক্ষণ প্রদান করেছে।

১৩.০ বাস্তবায়ন/বিদ্যমান সমস্যাঃ

- ১৩.১. প্রকল্পের অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে সঠিকভাবে জমা দেয়া: আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে বিভিন্ন অর্থ বছরে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।
- ১৩.২. সরবরাহকৃত যন্ত্রপাতির অবস্থা: আলোচ্য প্রকল্পের আওতায় সরবরাহকৃত বেশিরভাগ যন্ত্রপাতি চলমান রয়েছে, তা পরিদর্শনকালে দেখা যায়। তবে কিছু যন্ত্রপাতি যেমন: টিউব ফার্নেস, ডাটা লগার, লিকুইড প্যাস থার্মোমিটার ইত্যাদি চলমান নেই তা পরিদর্শনকালে দেখা যায়।
- ১৩.৩. সেমিনার, ওয়ার্কশপ ও দেশি-বৈদেশিক প্রশিক্ষণ: আলোচ্য প্রকল্পটিতে ১১১ ধরনের সেমিনার, ওয়ার্কশপ, দেশি-বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণগুলোতে প্রায় ২৫০০ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ নিয়েছে। এত সংখ্যক প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ প্রয়োগিক/বাসব ক্ষেত্রে কিভাবে কাজে লাগিয়েছে সে বিষয়ে কোন তথ্য উপাত্ত নেই।

- ১৩.৪. সংগ্রহকৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের লেভেলিং সম্পর্কিত: আলোচ্য প্রকল্পের আওতায় যে সমস্ত যন্ত্রপাতি, কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে সেগুলোর নামকরণ (লেভেলিং) নেই। উল্লেখ্য, লেভেলিং না থাকায় কোন যন্ত্রপাতি এ প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে তা বুঝা যায় না।
- ১৩.৫ অডিট সম্পর্কিত: প্রকল্পের Internal অডিট সম্পন্ন করার বিষয়ে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ কোন তথ্য উল্লেখ করা হয়নি।
- ১৩.৬. প্রকল্পের পিসিআর প্রেরণে বিলম্ব: আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর ২০১৫ তে শেষ হয়। অন্যদিকে সমাপ্তি প্রতিবেদন সেপ্টেম্বর ২০১৬ আইএমইডিতে প্রেরণ করা হয়। প্রকল্প সমাপ্তির ০৯ মাস পর সমাপ্তি প্রতিবেদন প্রেরণের বিষয়টি অনাকাঙ্ক্ষিত।
- ১৩.৭. প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর বেশী (২৫%) বেশি। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৪.০। সুপারিশঃ

- ১৪.১. প্রকল্পের আওতায় সংগ্রহকৃত যে সমস্ত যন্ত্রপাতি কর্মক্ষম নেই, তা দ্রুত মেরামত করে কর্মক্ষম করতে হবে;
- ১৪.২. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রশিক্ষণার্থীবৃন্দ বাস্তবে প্রয়োগ করছে কিনা তা নিয়মিত পরিবীক্ষণ করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংরক্ষণ করা যায়। প্রয়োজনে ডাটাবেজ করা যেতে পারে;
- ১৪.৩. প্রকল্পের আওতায় সরবরাহকৃত সকল প্রকার যন্ত্রপাতি, কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্রের নামকরণ (লেভেলিং) করতে হবে;
- ১৪.৪. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;
- ১৪.৫. উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৪.১-১৪.৪) অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাশীঘ্র বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।